গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা০১২০৫
www.naem.gov.bd

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৭.২২/ ৬৪৮ তারিখ: ২৭/০৭/১৪২৯ বঙ্গাব্দ
১২/১০/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : সরকারি ও বেসরকারি স্কুলের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য আয়োজিত 21st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২১ কার্তিক থেকে ০২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ/০৬ থেকে ১৭ নভেম্বর ২০২২ খ্রি. মেয়াদে (১২দিন ব্যাপী) মাধ্যমিক পর্যায়ের ইংরেজী শিক্ষকগণের জন্য আয়োজিত 21st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্সটি হবিগঞ্জ জেলার ০৫টি উপজেলার ০৫টি ভেন্যু (সার্বক্ষনিক বিদ্যুৎ ও মাল্টিমিডিয়া সুবিধাসহ) যথাক্রমে ১) বসন্ত কুমারী গোপাল চন্দ্র সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ সদর, ২) রাজার বাজার সরকারি উচ্চ বিদ্যালয়, চুনারুঘাট, ৩) মাধবপুর পাইলট উচ্চ বিদ্যালয়, মাধবপুর, ৪) মিয়া ধন মিয়া বালিকা উচ্চ বিদ্যালয়, আজমিরীগঞ্জ ও ৫) আউশকান্দি রশিদিয়া পাবলিক উচ্চ বিদ্যালয়, নবীগঞ্জ উপজেলায় একযোগে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর জেলাধীন হবিগঞ্জ সদর,লাখাই, চুনারুঘাট, মাধবপুর, শায়েস্তাগঞ্জ, আজমিরীগঞ্জ, বানিয়াচং, নবীগঞ্জ ও বাহুবল উপজেলা হতে মাধ্যমিক পর্যায়ের সরকারি/এমপিওভুক্ত (মাধ্যমিক, নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়) শিক্ষা প্রতিষ্ঠান থেকে অগ্রাধিকার বিবেচনায় অনধিক ০৩ (তিন) জন করে (প্রতি ভেন্যুতে ৪০ জন) মোট ২০০ জন এমপিওভুক্ত ইংরেজী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ০৬ নভেম্বর ২০২২ তারিখ সকাল ৮:৩০ ঘটিকায় নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে রিপোর্ট করতে হবে;
২. প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৩. ইতঃপূর্বে নায়েম কর্তৃক পরিচালিত English Language Teaching (ELT) অথবা Communicative English Course (CEC)-এ অংশগ্রহণকারী কোনো শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না;
৪. প্রশিক্ষণার্থীগণকে English for Today (Class VI – X), পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, সর্বশেষ এমপিও-এর ফটোকপি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিষ্ঠানের EIIN সম্বলিত প্যাডে ছাড়পত্র সঙ্গে আনতে হবে। যেসকল শিক্ষকগণ এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৫. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর স্মারক নম্বর মাউশি প্র/বা-ইউ/৫২৮০ তারিখ: ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাঁর প্রতিষ্ঠান থেকে তাৎক্ষনিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৬. শারীরিক অসুস্থতা (ঠাণ্ডা, জ্বর থাকলে) এবং যে সমস্ত শিক্ষকগণের বয়স ৫৮ বৎসর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৭. কোনো যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে প্রতিষ্ঠানের অন্য শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি উপরোক্ত শর্তসমূহ পূরণ করে থাকেন এবং স্বাস্থ্যবিধি মেনে উপরোক্ত কোর্সটি সম্পন্ন করতে বাধ্য থাকবেন;
৮. বর্ণিত প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যের জন্য এ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব মোঃ মিজানুর রহমান, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৭৪৩-৭৯৪৩৬৪ অথবা জনাব শাহ আবু মোহাম্মদ আজিজুল করিম, টিচার ট্রেইনার, সেল নম্বর: ০১৭১৭৪৫৫১৬৫-এ যোগাযোগ করা যেতে পারে;
৯. আমন্ত্রণপত্র খানা নায়েম-এর ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে;
১০. উল্লেখিত কোর্সে মনোনীত প্রশিক্ষণার্থীগণের তালিকা (নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম ইংরেজিতে আগামী ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত এবং সফট কপি (Pdf ও MS-Word Format-এ) ttmizan.naem@gmail.com অথবা ttkarim.naem@gmail.com ঠিকানায় প্রেরণ করতে অনুরোধ করা হলো।

১২.১০.২২

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
ফোন: ০২ ৫৫১৬৭৫৩০

প্রাপক,
জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০৭.২২/ ৬৪৮ (১৬) তারিখ: ২৭/০৭/১৪২৯ বঙ্গাব্দ
১২/১০/২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২-৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৬। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, সিলেট অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
৭। জেলা প্রশাসক, হবিগঞ্জ;
৮। পুলিশ সুপার, হবিগঞ্জ;
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
১০। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, সিলেট অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১১। জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ (আবাসন ও প্রশিক্ষকগণের ভেন্যুতে যাতায়াত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধসহ);
১২। সহকারী পরিচালক (অর্থ), নায়েম, ঢাকা;
১৩। প্রোগ্রামার, নায়েম (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৪। মহাপরিচালক, নায়েম-এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৫। রূপকল্প সেল;
১৬। অফিস নথি।

১২.১০.2022

(মোঃ আবদুল মান্নান চৌধুরী)
উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ও
কোর্স পরিচালক
21st English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্স